শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১

ISO 9001:2015 Certified

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১
Bogra Palli Bidyut Samity-1
ছিলিমপুর, বগুড়া

মুজিব শতবর্ষ MUJIB 100

প্রশাসন বিভাগ, E-mail : bograpbs1@gmail.com Web: pbs1.bogra.gov.bd, টেলিফোন- ০২৫-৮৮৮৭৭০৭৯ (অফিস)

স্মারক নং-২৭.১২.১০২০.৫২৫.০১.০৩৮(RFQ).২৩. ৩৮৬৯

তারিখ- ২৯ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ / ১৩ সেপ্টেম্বর ২০২৩খ্রিঃ

**"বার্ষিক সদস্য সভার সদস্য বিজ্ঞপ্তি এবং এলাকা পরিচালক নির্বাচনের জ্ঞাতব্য বিজ্ঞপ্তি ছাপানো ও সরবরাহের জন্য"**

কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্র (RFQ)

কোটেশন নম্বর: (----/২০২৩-২০২৪), তারিখ: ১৩/০৯/২০২৩ খ্রিঃ

প্রতি

..............................................................................................

০১। জেনারেল ম্যানেজার, বগুড়া পবিস-১ এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হয়েছে এবং তিনি এর একটি অংশ যোগ্য পরিশোধের ক্ষেত্রে প্রয়োগ করতে ইচ্ছুক, যার জন্য এ কোটেশন দলিল জারি করা হয়েছে।

০২। ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

০৩। **সংযুক্ত 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে।**

০৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করতে হবে।

০৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

০৬। কোটেশন সিলমোহরকৃত খামে **২১/০৯/২০২৩** খ্রিঃ তারিখ বেলা ১১:৩০ ঘটিকা-এ বা এর পূর্বে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, ছিলিমপুর, বগুড়াতে দাখিল করতে হবে। **"বার্ষিক সদস্য সভার সদস্য বিজ্ঞপ্তি এবং এলাকা পরিচালক নির্বাচনের জ্ঞাতব্য বিজ্ঞপ্তি ছাপানো ও সরবরাহের"** জন্য কোটেশন এবং **২১/০৯/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১:৩৫ ঘটিকার** আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

০৭। প্রাপ্ত এবং উপরোল্লিখিত ৬অনুচ্ছেদের বর্ণনা অনুযায়ী চিহ্নিত করা কোটেশনসমূহ ক্রয়কারী সিলমোহরকৃত ও খামভুক্ত করবে এবং এভাবে প্রাপ্ত কোটেশনসমূহ উন্মুক্ত না করে মূল্যায়নের জন্য কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের একই তারিখে মূল্যায়ন কমিটির কাছে পাঠাতে হবে।

০৮। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮এর বিধি ৭১(৪)অনুসারে ক্রয়কারী কোটেশন আহবানের তারিখ হতে দাখিলের জন্য প্রদত্ত সময় অনধিক ১০(দশ) দিন এর নির্ধারিত সময়সীমা যথাসম্ভব কম বা যুক্তিসংগত করতে পারবেন।

০৯। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ (ষাট) দিন পর্যন্ত জন্য সকল কোটেশন বৈধ থাকবে।

১০। যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরণের কর, শুল্ক ও আব, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১। দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১২। **কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।**

১৩। মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৪। উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৫। ক্রয় আদেশে উল্লিখিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে।

১৬। ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তিতে বাধ্য করে তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির **০৭ (সাত)** দিনের মধ্যে জারী করতে হবে।

১৭। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৩/০৯/২০২৩

(মোঃ মোনোয়ারুল ইসলাম ফিরোজী)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপিঃ (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্ত)

০১॥ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
(বিজ্ঞপ্তির শর্তানুযায়ী নির্ধারিত সময় পর্যন্ত দরপত্র গ্রহণের অনুরোধ করা হল)
০২॥ সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
০৩॥ জেলা প্রশাসক, বগুড়া।
০৪॥ পুলিশ সুপার, বগুড়া।
০৫॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ------------------------পবিস-১/২/৩/৪।
০৬॥ নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, বগুড়া।
০৭॥ নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ, বগুড়া।
০৮॥ ডেপুটি জেনারেল ম্যানেজার-সদর-কারিগরী/মোকামতলা/দুপচাঁচিয়া/কাহালু/নন্দীগ্রাম জোনাল অফিস, বপবিস-১।
০৯॥ সহ-জেনারেল ম্যানেজার (পীরব সা/জোঃ/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি), বপবিস-১।
১০। এজিএম(আইটি), বপবিস-১ (অত্র পবিস ও বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশ নিশ্চিত করবেন)।
১১॥ মেসার্স ---------------------------------------------------------------------------।
১২॥ নোটিশ বোর্ড/ওয়েব সাইট, বগুড়া পবিস-১।
১৩॥ অফিস কপি/মাস্টার কপি ।

১৩/০৯/২০২৩

(মোঃ মোনোয়ারুল ইসলাম ফিরোজী)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)